



## Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ১৭ই এপ্রিল, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দুইদিন ব্যাপী ছাত্র পরামর্শক বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

সোমবার ও মঙ্গলবার সকাল ৯ ঘটিকা হতে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমের সঞ্চালনায় ও আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন শাবির কাউন্সিলিং সাইকোলজিস্ট জনাব ফজিলাতুল্লাহা ও ওসমানী মেডিকেল কলেজ এন্ড হসপিটালের সাইকিয়াট্রি বিভাগের প্রধান ডাঃআর কে এস রয়েল। প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন সকল অনুষদের ডীন, সকল বিভাগীয় প্রধান, প্রক্টরগণ, সকল হলের প্রভোস্টগণ এবং ছাত্র উপদেষ্টা ও নির্দেশক।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, প্রতি বিভাগে ছাত্র পরামর্শক নিয়োগ দেওয়া হবে যাতে শিক্ষকদের কাছ থেকে বিভিন্ন বিষয়ে মানসিক সহায়তা পায়। ছাত্ররা যাতে ভুল পথে না যায় শিক্ষকদের সে দিকে নজর দিতে হবে। ছাত্রদেরকে যোগ্য নাগরিক হিসেবে তৈরি করতে হবে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস বলেন, শিক্ষকরা হল পরামর্শক। শাবিকে সামনে এগিয়ে নিতে চাইলে পরামর্শক হিসেবে শিক্ষকদের সজাগ দৃষ্টি রাখতে হবে।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম প্রশিক্ষণটি ছাত্রছাত্রীদের মানসিক স্বাস্থ্য বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

---

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।